**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**MADHYAMIK PARIKSHA (SECONDARY EXAMINATION) DECEMBER, 2023**

# ভূগোল

**(Geography)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

**Time: 3 Hours 15 Minutes** **Full Marks: 90**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name and Registration No.
in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
The first 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিক ভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

প্রত্যেক পরীক্ষার্থীকে ভারতের মানচিত্র দিতে হবে।
Indian Map to be given to all candidates.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

## বিভাগ-'ক'

## Group-A

**1.** বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ
Write the correct answer from the given alternatives: 1×14=14

(i) পৃথিবীর নিরক্ষীয় ব্যাস হল
The equatorial diameter of the earth is

(a) 12714 কিমি
12714 km

(b) 12757 কিমি
12757 km

(c) 12857 কিমি
12857 km

(d) 12957 কিমি
12957 km

(ii) কোনো স্থান ও তার প্রতিপাদ স্থানের মধ্যে সময়ের পার্থক্য
A place and its antipode have time differences of

(a) 6 ঘণ্টা
6 hrs.

(b) 12 ঘণ্টা
12 hrs.

(c) 18 ঘণ্টা
18 hrs.

(d) 24 ঘণ্টা
24 hrs.

(iii) বেলেপাথর হল একটি
Sandstone is an

(a) আগ্নেয় শিলা
Igneous rock

(b) পাললিক শিলা
Sedimentary rock

(c) রূপান্তরিত শিলা
Metamorphic rock

(d) এগুলির সবকটিই
All of these

(iv) একটি গ্রস্ত উপত্যকার উদাহরণ হল
An example of rift valley is

(a) সিন্ধু নদের উপত্যকা
Indus valley

(b) গোদাবরী নদীর উপত্যকা
Godavari valley

(c) নর্মদা নদীর উপত্যকা
Narmoda valley

(d) কৃষ্ণা নদীর উপত্যকা
Krishna valley

(v) হিমবাহ সৃষ্ট হ্রদ হল
A lake carved out by glacier is

(a) করি হ্রদ
Corrie lake

(b) প্লায়া হ্রদ
Playa lake

(c) অশ্বক্ষুরাকৃতি হ্রদ
Ox-bow lake

(d) উপহ্রদ
Lagoon

(vi) যে যন্ত্রের সাহায্যে বায়ুর গতিবেগ পরিমাপ করা হয়
The instrument by which speed of wind is measured

(a) অ্যানিমোমিটার
Animometer

(b) হাইগ্রোমিটার
Hygrometer

(c) থার্মোমিটার
Thermometer

(d) ব্যারোমিটার
Barometer

(vii) আগুলহাস যে মহাসাগরের স্রোত, সেটি হল
Agulhas current flow in which ocean

(a) আটলান্টিক মহাসাগর
Atlantic ocean

(b) প্রশান্ত মহাসাগর
Pacific ocean

(c) ভারত মহাসাগর
Indian ocean

(d) সুমেরু মহাসাগর
Arctic ocean

(viii) বেতার তরঙ্গ প্রতিফলিত হয়
Radio wave are reflected by the

(a) ট্রপোস্ফিয়ার স্তরে
Troposphere layer

(b) আয়নোস্ফিয়ার স্তরে
Ionosphere layer

(c) স্ট্র্যাটোস্ফিয়ার স্তরে
Stratosphere layer

(d) এক্সোস্ফিয়ার স্তরে
Exosphere layer

(ix) বর্তমানে ভারতের অঙ্গরাজ্যের মোট সংখ্যা হল
At present the total number of states in India is

(a) 30টি
30

(b) 29টি
29

(c) 28টি
28

(d) 27টি
27

(x) ভারতের সর্বোচ্চ মালভূমি হল
The highest plateau of India is

(a) মালব মালভূমি
Malwa plateau

(b) মেঘালয় মালভূমি
Meghalaya plateau

(c) তেলেঙ্গানা মালভূমি
Telengana plateau

(d) লাদাখ মালভূমি
Ladakh plateau

(xi) গঙ্গা নদীর সাথে যমুনা নদীর সঙ্গম নিম্নলিখিত স্থানে অবস্থিত
The confluence of river Ganga and river Yamuna is located

(a) কানপুর
Kanpur

(b) এলাহাবাদ
Allahabad

(c) দেবপ্রয়াগ
Devaprayag

(d) বারাণসী
Varanasi

(xii) ভারতে কফি উৎপাদনে প্রথম স্থানাধিকারী রাজ্যটি হল

In India, the state that ranks first in coffee production is

(a) কেরল
Kerala

(b) তামিলনাড়ু
Tamilnadu

(c) কর্ণাটক
Karnataka

(d) অন্ধ্রপ্রদেশ
Andhra Pradesh

(xiii) ভারতে বেসরকারি উদ্যোগের বৃহত্তম লৌহ-ইস্পাত কারখানা হল

The largest steel plant of India under private sector is

(a) দুর্গাপুর স্টিল প্ল্যান্ট
Durgapur Steel Plant

(b) ভিলাই স্টিল প্ল্যান্ট
Bhilai Steel Plant

(c) সালেম স্টিল প্ল্যান্ট
Salem Steel Plant

(d) টাটা আয়রন অ্যান্ড স্টিল প্ল্যান্ট
Tata Iron and Steel Plant

(xiv) তিন বিঘা করিডর যে রাজ্যে অবস্থিত

Tin Bigha Corridor lies in the state of

(a) ত্রিপুরা
Tripura

(b) পশ্চিমবঙ্গ
West Bengal

(c) আসাম
Assam

(d) মেঘালয়
Meghalaya

**বিভাগ-'খ'**

**Group-B**

**2.** **2.1** নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো (*যে কোনো ছয়টি*)ঃ

If the statements are true, write T and if false, write 'F' against the following (answer *any six*): 1×6=6

2.1.1 মাছের উৎপাদন বৃদ্ধিকে বলা হয় 'নীল বিপ্লব'।

The growth of fish production is termed as 'Blue Revolution'.

2.1.2 হিমালয় পর্বতমালা আর্মেনীয় গ্রন্থি থেকে বিস্তৃত।

The Himalayan mountain range extended from the Armenian knot.

2.1.3 ভারতের আরাবল্লি পর্বত একটি নবীন ভঙ্গিল পর্বতের উদাহরণ।

Aravalli mountain in India is an example of young fold mountain.

2.1.4 দেরাদুনে ভারতের কেন্দ্রীয় অরণ্য গবেষণাগার অবস্থিত।

The Central Forest Research Institute of India is located at Dehradun.

2.1.5 এশিয়ার একটি অন্তর্বাহিনী নদী হল লেনা।

Lena is the inland river of Asia.

2.1.6 ভারতের প্রমাণ দ্রাঘিমা হল 88°30′ পূর্ব।

The Indian standard meridian is 88°30′E.

2.1.7 কান্ডালা ভারতের পশ্চিম উপকূলের একটি বন্দর।

Kandala is a port of western coast of India.

**2.2** উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (*যে কোনো ছয়টি*) ঃ

Fill in the blanks with suitable words (answer *any six*): 1×6=6

2.2.1 মালাবার উপকূলের উপহ্রদগুলিকে স্থানীয় ভাষায় _________ বলে।

In Malabar coastal plain, the lagoons are locally called _________.

2.2.2 জোয়ার, বাজরা, রাগি ইত্যাদি ফসলকে একসাথে _________ বলে।

Jowar, Bajra, Ragi are collectively called _________.

2.2.3 অরুণাচল প্রদেশে ব্রহ্মপুত্র _________ নামে পরিচিত।

Brahmaputra is known as _________ in Arunachal Pradesh.

2.2.4 দুটি করির মধ্যবর্তী উচ্চ অংশকে _________ বলে।

The highland between two adjacent corries is called _________.

2.2.5 'কালবৈশাখী' হল একপ্রকার _________ বায়ু।

'Kalbaishakhi' is a type of _________ wind.

2.2.6 ছোটনাগপুর মালভূমি _________ মালভূমির উদাহরণ।

Chhotonagpur plateau is an example of _________ plateau.

2.2.7 জড় পরিবেশে একগুচ্ছ সজীব বস্তুর সহাবস্থানকে _________ বলে।

The co-existence of various biotic element in a non-biotic environment is called _________.

**2.3** একটি বা দুটি শব্দে উত্তর দাও (*যে কোনো ছয়টি*) ঃ

Answer in one or two words (*any six*): 1×6=6

2.3.1 ভরা জোয়ার কোন কোন তিথিতে দেখা যায়?

On which quarters of moon, does spring tides occur?

2.3.2 কোন তারিখ থেকে সূর্যের দক্ষিণায়ন শুরু হয়?

From which date the southward march of the Sun begins?

2.3.3 বায়ুতে কোন গ্যাসের পরিমাণ সর্বাধিক?

The percentage of which gas is maximum in the air?

2.3.4 ভারতের একটি আগ্নেয়গিরির নাম লেখো।

Name one volcano situated in India.

2.3.5 এশিয়ার একটি পূর্ববাহিনী নদীর নাম লেখো।

Give the name of one east flowing river of Asia.

2.3.6 ভারতের প্রথম কাপড়ের কল কোথায় স্থাপিত হয়েছিল?

Where was the first cotton mill set up in India?

2.3.7 ভারতের রাজ্য পুনর্গঠনের মূল ভিত্তি কী?

What is the main basis of state reorganisation in India?

2.3.8 পশ্চিম হিমালয়ের 'তাল' কী?

What is 'Tal' in Western Himalaya?

**2.4** বামদিকের সাথে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো ঃ

Match the left column with the right: 1×4=4

| বামদিক<br>Left Column | ডানদিক<br>Right Column |
|---|---|
| 2.4.1 পারাদ্বীপ<br>Paradweep | 1. পশ্চিমবঙ্গ<br>West Bengal |
| 2.4.2 সিলিকন ভ্যালি<br>Silicon valley | 2. গুরগাঁও<br>Gurgaon |
| 2.4.3 কালবৈশাখী<br>Kalbaishakhi | 3. ওড়িশা<br>Odisha |
| 2.4.4 মোটর গাড়ি নির্মাণ শিল্পকেন্দ্র<br>Automobile manufacturing industrial centre | 4. বেঙ্গালুরু<br>Bengaluru |

## বিভাগ-'গ'

## Group-C

**3.** নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ
Answer the following in brief (alternatives should be noted): 2×6=12

3.1 স্থানীয় সময় কাকে বলে?
What is local time?

*অথবা,*
*Or,*

অধিবর্ষ কী?
What is leap year?

3.2 ক্ষয়ীভবন কাকে বলে?
Define erosion.

*অথবা,*
*Or,*

এস্কার কী?
What is eskar?

3.3 জল বিভাজিকার সংজ্ঞা দাও।
Define water divide.

*অথবা,*
*Or,*

ইনসেলবার্জ কাকে বলে?
What is Inselberg?

3.4 মরুস্থলী বলতে কী বোঝো?
What is Marusthali?

*অথবা,*
*Or,*

বর্জ্যের পুনর্নবীকরণের সংজ্ঞা দাও।
Define recycling of waste.

3.5 পশ্চাদ্‌ভূমি কাকে বলে?
What is hinterland?

*অথবা,*
*Or,*

আপেক্ষিক আর্দ্রতা কাকে বলে?
What is relative humidity?

3.6 ধাপ চাষের সংজ্ঞা দাও।
Define terrace cultivation.

*অথবা,*
*Or,*

বাণিজ্যিক ফসল কী?
What are commercial crops?

## বিভাগ-'ঘ'
## Group-D

**4.** সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ
Give answer in short explanation (alternatives should be noted): 3×4=12

4.1 আবহবিকার ও ক্ষয়ীভবনের প্রধান তিনটি পার্থক্য লেখো।
State three main differences between erosion and weathering.

*অথবা,*

*Or,*

রূপান্তরিত শিলার বৈশিষ্ট্যগুলি লেখো।

Mention the characteristics of metamorphic rocks.

4.2 পৃথিবীর তাপবলয়গুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
Mention briefly the temperature belts of the earth.

*অথবা,*

*Or,*

ভূমিকম্পের ফলাফলগুলি লেখো।

Mention the effects of earthquake.

4.3 ভারতের অরণ্য সংরক্ষণের তিনটি পদ্ধতি আলোচনা করো।
Describe three methods of forest conservation practiced in India.

*অথবা,*

*Or,*

ভারতে রেলপথ ও সড়কপথের গুরুত্বের তুলনামূলক আলোচনা করো।

Compare the importance of railway and road transport.

4.4 মরু অঞ্চলে বায়ুর কাজের প্রাধান্য দেখা যায় কেন?
Why wind action is dominent in desert region?

*অথবা,*

*Or,*

ভারতের পশ্চিমবাহিনী নদী মোহনায় বদ্বীপ গড়ে ওঠেনি কেন?

Why deltas are not formed at the mouth of west flowing rivers of India?

## বিভাগ-'ঙ'
## Group-E

**5. 5.1** *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ
Answer *any two* questions from the following: 5×2=10

5.1.1 বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপের সচিত্র বিবরণ দাও।
Describe with sketches three features of carved out by wind erosion.

5.1.2 শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত কীভাবে সংঘটিত হয়, তা চিত্র ও উদাহরণসহযোগে ব্যাখ্যা করো।

Give an account of orographic rainfall with diagram and example.

5.1.3 তিনপ্রকার মালভূমির উৎপত্তি উদাহরণসহ ব্যাখ্যা করো।

Explain the origin of three types of plateau with examples.

5.1.4 28 ফেব্রুয়ারি, 2022 লন্ডনের (0° দ্রাঘিমা) স্থানীয় সময় যখন সন্ধ্যা 7টা তখন কলকাতার (88°30′পূর্ব) স্থানীয় সময় ও তারিখ কত?

What would be the local time and date of Kolkata (88°30′E) when the local time of London (0° longitude) is 7:00 am on February 28, 2022?

**5.2.** *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any two* questions from the following: 5×2=10

5.2.1 উত্তর ও দক্ষিণ ভারতের নদনদীর প্রাকৃতিক বৈশিষ্ট্যের পার্থক্য করো।

State the physical differences between north and south rivers.

5.2.2 ভারতে কার্পাস উৎপাদনের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বিবরণ দাও।

Give an account of favourable physical conditions required for cultivation of cotton.

5.2.3 পূর্ব ভারতে লৌহ-ইস্পাত শিল্প কেন্দ্রীভবনের কারণগুলি ব্যাখ্যা করো।

Explain the factors responsible for the concentration of iron and steel industries in Eastern India.

5.2.4 শ্রীলঙ্কার কৃষি, খনিজ সম্পদ ও শিল্পের বিবরণ দাও।

Describe the agriculture, mineral and industry of Srilanka.

## বিভাগ-‘চ’

## Group-F

**6.** প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সাথে জুড়ে দাও ঃ

Locate the following with appropriate symbols and names on the given outline map of India. Attach the map with your answer paper: 1×10=10

6.1 আরাবল্লী পর্বত

Aravalli range

6.2 কাবেরী নদী

River Kaveri

6.3 কোঙ্কন উপকূল

Konkan coast

6.4 একটি বৃষ্টিচ্ছায় অঞ্চল

A rain shadow region

6.5 মরু মৃত্তিকা অঞ্চল

A region of desert soil

6.6 উত্তর ভারতের একটি গম উৎপাদক অঞ্চল

A wheat growing region of North India

6.7 ভারতের ম্যাঞ্চেস্টার

Manchester of India

6.8 পশ্চিমবঙ্গের একটি পেট্রো-রসায়ন শিল্পকেন্দ্র

A petro-chemical industrial centre of West Bengal

6.9 পূর্ব উপকূলের একটি কৃত্রিম পোতাশ্রয়যুক্ত বন্দর

A port with artificial harbour on east coast

6.10 চিল্কা

Chilka

*অথবা,*

*Or,*

**শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য**

**(For sightless candidates only)**

**6.** যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any ten* of the following questions: 1×10=10

6.1 ভারতের প্রাচীনতম পর্বতমালার নাম লেখো।

Name the oldest mountain range of India.

6.2 কোন নদীর উপর DVC পরিকল্পনা গড়ে তোলা হয়েছে?

On which river DVC project has been constructed?

6.3 ভারতের প্রধান খারিফ শস্য কী?

Which is the main kharif crop of India?

6.4 পূর্ব ভারতে বৃহত্তম মহানগর কোনটি?

Which is the largest metropolitan city of Eastern India?

6.5 মুম্বাই-এর আন্তর্জাতিক বিমান বন্দরের নাম কী?

What is the name of International Airport of Mumbai?

6.6 বেঙ্গুয়ালা স্রোত কোন মহাসাগরে বয়ে যায়?

Benguela current flow in which ocean?

6.7 আন্তর্জাতিক তারিখ রেখা কোন দ্রাঘিমা রেখা বরাবর বিস্তৃত?

Which meridian does follow International Date Line?

6.8 গোদাবরী নদী কোন সাগরে মিশেছে?

In which sea has Godavari river flown to?

6.9 নীলগিরি পর্বতের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?

What is the highest peak of Nilgiri?

6.10 ভারতের কোন রাজ্যের চা জগৎ বিখ্যাত?

World famous tea is produced in which state of India?

6.11 দার্জিলিং ও নেপাল সীমান্তে কোন পর্বত অবস্থিত?

Which mountain is located in between Darjeeling and Nepal border?

6.12 সংবিধানে ভারতকে কী ধরনের রাষ্ট্র হিসেবে মর্যাদা দেওয়া হয়েছে?

What status has been given India as a country in her Constitution?

6.13 ক্যানিয়ন কী?

What is Canyon?

6.14 ডোলেরাইট কোন প্রকার শিলা?

What type of rock dolerite is?

———